

তারিখঃ ২৩/১২/২০১৭ইং

## প্রেস রিলিজ

বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (বিএমবিএ) এর ২০১৬-১৭ সনের কমিটির মেয়াদ শেষ হচ্ছে আগামী ৩১ ডিসেম্বর। এরই মধ্যে আইন অনুযায়ী বিএমবিএ নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড গঠন করেছে। নির্বাচন বোর্ড এর দেওয়া তফসিল অনুযায়ী ২৩ ডিসেম্বর নির্বাচন ও ফলাফল ঘোষণার তারিখ নির্ধারিত হয়।

২০১৮-১৯ মেয়াদের নির্বাচনের জন্য ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড গঠন করা হয়। নির্বাচন বোর্ড এর চেয়ারম্যান, বিএমবিএ'র সাবেক সভাপতি ও এএএ ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেডের চেয়ারম্যান জনাব মুহাম্মদ এ. হাফিজ। অন্য দুই সদস্য হলেন আইডিএলসি ইনভেস্টমেন্টস এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান, সিএফএ ও ইম্পেরিয়াল ক্যাপিটালের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সালাউদ্দিন সিকদার, এফসিএমএ।

নির্বাচন আপীল বোর্ড এর চেয়ারম্যান, প্রাইম ফাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্টের ব্যবস্থাপনা পরিচালক ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ। অন্য দুই সদস্য হলেন বেটাওয়ান ইনভেস্টমেন্টস এর ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ আতিকুজ্জামান ও আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট এর সিইও অ্যান্ড এমডি জনাব নূর আহমেদ।

১২ জন প্রার্থী নির্বাচনে অংশ নিতে মনোনয়নপত্র দাখিল করেন। চূড়ান্ত তালিকা প্রকাশের পর একজন প্রার্থী তার মনোনয়নপত্র প্রত্যাহার করে নেয়। ফলে নির্বাচন বোর্ড ১১ সদস্যের নির্বাহী কমিটির সভ্য হিসেবে প্রার্থীর তালিকা প্রকাশ করে।

নির্বাচনী তফসিল অনুযায়ী ২৩ ডিসেম্বর নির্বাচনের চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। সেই মোতাবেক বিএমবিএ'র কার্যালয়ে, ইউসুফ চেম্বার (৮ম তলা), ২০ দিলকুশা, ঢাকা ফলাফল ঘোষণার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব মুহাম্মদ এ. হাফিজ নিম্নবর্ণিত ১১ জনকে নির্বাচিত বলে ঘোষণা করেন।



চূড়ান্ত তালিকা অনুযায়ী, আগামী ২০১৮-১৯ মেয়াদের নির্বাহী কমিটির সদস্য হচ্ছেন বিএমএসএল ইনভেস্টমেন্টের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জনাব মোঃ রিয়াদ মতিন, এএফসি ক্যাপিটালের চীফ এক্সিকিউটিভ জনাব মাহবুব এইচ মজুমদার, এফসিএমএ, এমটিবি ক্যাপিটালের সিইও জনাব খায়রুল বাসার আবু তাহের মোহাম্মদ, গ্রীনডেল্টা ক্যাপিটালের সিইও জনাব মোঃ রফিকুল ইসলাম, সিটিজেন সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্টের সিইও জনাব তওহিদ আহমেদ চৌধুরী, এফসিসিএ, লংকাবাংলা ইনভেস্টমেন্ট এর পরিচালক জনাব মোহাম্মদ নাসির উদ্দিন চৌধুরী, মাইডাস ইনভেস্টমেন্টের সিইও জনাব মোহাম্মদ হাফিজ উদ্দিন, আইআইডিএফসির সিইও জনাব মোহাম্মদ সালেহ আহমেদ, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্টের সিইও জনাব মোঃ সোহেল রহমান, সাউথইস্ট ব্যাংক ক্যাপিটাল সার্ভিসেস এর সিইও জনাব মোঃ আবু বকর, এফসিএ এবং গ্রামীণ ক্যাপিটাল ম্যানেজমেন্টের এমডি জনাব মোহাম্মদ আহসান উল্লাহ।



(মোঃ গোলাম মোস্তফা)

সেক্রেটারি